ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬১৪
কৈলাসহর, ২৯ আগস্ট, ২০২৫

**কৈলাসহরে জাতীয় ক্রীড়া দিবস উদযাপিত**

শৈবতীর্থ ঊনকোটি প্রাঙ্গণে আজ জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়। ঊনকোটি জেলাভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। ধ্যানচাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সভাধিপতি ভারতীয় হকিতে তাঁর অসামান্য অবদানের কথা তুলে ধরেন। তিনি বলেন, রাজ্যের খেলোয়াড়গণও জাতীয় স্তরে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় পদক জয় করে রাজ্যকে গর্বিত করছেন। জাতীয় ক্রীড়া দিবস পালনের অঙ্গ হিসেবে ৩১ আগস্ট পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে খেলাধুলার আয়োজন করা হয়েছে।

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যন লাকি পাল দাস, ঊনকোটি জেলার জেলাশাসক ড. তমাল মজুমদার, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক বিপুল দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা অমিত যাদব।

*****